

## সম্পাদকীয়:

করোনার প্রাদুর্ভবে সৃষ্ট বিপর্যয়ে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছে সারাদেশের সুজন-এর বন্ধুরা। তাঁদের প্রচেষ্টার কথা অন্যদের জানাতেই আমরা ধারাবাহিকভাবে প্রকাশ করছি ই-নিউজ লেটার। এবারে প্রকাশিত হলো ছাব্বিশতম সংখ্যা।

## সুজন ও পিসব-এর উদ্যোগে ঢাকা মহানগরের ব্যাপক সংখ্যক মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ



সুজন-সুশাসনের জন্য নাগরিক, পল্লবী থানা থানা কমিটি ও পিপলস ইমপ্রুভমেন্ট সোসাইটি অফ বাংলাদেশ (পিসব)-এর যৌথ উদ্যোগে ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় করোনা মহামারিতে কর্মহীন হয়ে পড়া ব্যাপক সংখ্যক অসহায় মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। কড়াকড়িভাবে সামাজিক দূরত্ব নিশ্চিত করে গত ২২ মে ২০২০-এ মোহাম্মদপুর, বাড্ডা ও ভাটারা এলাকার ১৬৫০টি পরিবারের মাঝে; ২৩ মে ২০২০-এ মিরপুর এলাকার ৩৫০ জন তৃতীয় লিঙ্গের মানুষের মাঝে এবং ২৪ মে ২০২০-এ মিরপুর এলাকার ২৯০০টি পরিবারের মাঝে; অর্থাৎ উল্লেখিত এলাকাসমূহের সর্বমোট ৪৯০০টি পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। খাদ্যসামগ্রীর মধ্যে ছিল পরিবারপ্রতি ১০ কেজি চাল, ৫ কেজি আলু, ১ কেজি আটা, ১ কেজি ডাল, ১ কেজি পেঁয়াজ, ১ লিটার তেল, ১ কেজি লবন, ১ কেজি চিনি ও ১ প্যাকেট সেমাই। খাবার বিতরণকালে সুজন-ঢাকা মহানগর কমিটির সহ সাধারণ সম্পাদক ও পল্লবী থানা কমিটির সাধারণ সম্পাদক জনাব ইউনুস আলী মাসুদসহ সুজন ও পিপলস ইমপ্রুভমেন্ট সোসাইটি অফ বাংলাদেশ (পিসব)-এর নেতৃত্ব উপস্থিত ছিলেন।

খাবার বিতরণের পূর্বে উপস্থিত সকলকে ঘরে থাকার জন্য আহ্বান করা হয়। তাদের উদ্দেশ্যে বলা হয় “এখন পর্যন্ত করোনার কার্যকর কোন চিকিৎসা নেই। এর একমাত্র চিকিৎসা সচেতনতা। ‘আমার জীবন, আমার দায়িত্ব’-এই বোধকে জাগ্রত রেখে ঘরে থাকা, বার বার সাবান দিয়ে হাত ধোয়া, বাইরে যাওয়ার প্রয়োজন হলে মুখে মাস্ক পরা ইত্যাদিসহ সকল স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।”

## বরিশালে দলিত সম্প্রদায়ের মাঝে নগদ অর্থ বিতরণ

সুজন-বরিশাল জেলা কমিটির উদ্যোগে দলিত জনগোষ্ঠীর মাঝে নগদ অর্থ বিতরণ করা হয়েছে। সংগঠনের বরিশাল জেলা কমিটির সাধারণ সম্পাদক রনজিত দত্তের নেতৃত্বে গত ২৬ ও ২৭ এপ্রিল ২০২০-এ, বরিশাল সদরের দলিত সম্প্রদায়ভুক্ত ১০০টি অসহায় পরিবারকে নগদ আর্থিক সহায়তা হিসেবে ৫০০.০০ (পাঁচশত) টাকা করে সংশ্লিষ্ট সকলের বাড়ি বাড়ি গিয়ে প্রদান করা হয়। বিতরণকালে সুজন-এর জেলা নেতৃত্ব ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ তাঁর সাথে ছিলেন। উল্লেখ্য, স্থানীয় বিত্তবানদের নিকট থেকে এই অর্থ (পঞ্চাশ হাজার টাকা) সংগ্রহ করা হয়।

## মানিকগঞ্জে জনসচেতনতামূলক লিফলেট ও খাদ্যসামগ্রী বিতরণ

সুজন-মানিকগঞ্জ জেলা কমিটির উদ্যোগে করোনা ভাইরাস সম্পর্কে সতর্ক থাকার জন্য শহরের বিভিন্ন সড়কে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয় এবং শহরের বিভিন্ন অলি-গলিতে জীবানুনাশক স্প্রে ছিটানো হয়। এছাড়াও ২৩ মে ২০২০ করোনা মহামারিতে বিপর্যস্ত ২৫টি পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। পরিবারপ্রতি ৪০০ টাকা মূল্যের খাদ্য তালিকায় ছিল চাল, ডাল, আলু, পেঁয়াজ, লবন ও তেল বিতরণ করা হয়। খাদ্য

বিতরণকালে উপস্থিত ছিলেন সুজনের মানিকগঞ্জ জেলার সাধারণ সম্পাদক ইকবাল হোসেন কচি, সহ-সভাপতি বিশ্বাস জাহাঙ্গীর আলম, ইকবাল খান ও মোজাম্মিল হোসেন।



খাদ্যসামগ্রী বিতরণকালে নেতৃত্ব বলেন গোটা পৃথিবী করোনা ভাইরাসে আক্রান্ত বাংলাদেশের মানুষও আজ এই ভাইরাসের সাথে লড়াই করছে। ফলে এখন করোনা ভাইরাস থেকে আমাদের রক্ষা করার একমাত্র উপায় স্বাস্থ্য বিধি মেনে চলা।

## গাইবান্ধার সাঘাটায় সজীবের মানবিক উদ্যোগ



সোয়াইবুর রহমান সজীব সুজন-গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলা কমিটির তরুণ সদস্য। করোনাভাইরাসের প্রভাবে সৃষ্ট অচলবস্থায় বিপর্যস্ত দরিদ্র মানুষের কষ্ট তাকে উদ্বিগ্ন করে। এই উদ্বেগ থেকে পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে সে তাদের সহযোগিতা করার সিদ্ধান্ত নেয় এবং সুজন-সাঘাটা উপজেলা কমিটির সদস্যবৃন্দের নিকট থেকে সংগৃহীত অর্থসহ নিজের জমানো অর্থ দিয়ে সে গত ২২ মে ২০২০-এ ৮০টি পরিবারে সেমাই, চিনি ও গুড়াদুধ বিতরণ করে। সজীবের এই উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

## আপনার স্বাস্থ্য, আপনার দায়িত্ব